যুগান্তর

তারিখ 23 SEP 2016
পৃষ্ঠা ২ কলাম

# সুশিক্ষিত সন্তান কখনও জঙ্গিবাদের পথে যায় না

—জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, "কোনো সন্তানই সন্ত্রাসী বা জঙ্গি হিসেবে জন্মগ্রহণ করে না। দূষিত পরিবেশ তাদের বিপথগামী করে। প্রত্যেকটি সন্তান যাতে সুশিক্ষিত ও সুসন্তান হিসেবে গড়ে উঠতে পারে সেক্ষেত্রে পিতা-মাতার মনোযোগ ও যত্নের কোনো বিকল্প নেই। মনে রাখা দরকার সুশিক্ষিত সন্তান কখনও সন্ত্রাস বা জঙ্গিবাদের পথে যায় না।"

তিনি বৃহস্পতিবার দুপরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের নিচতলায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের পোষ্যদের বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে শিক্ষাসহায়ক শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু।